

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৮৯  
আগরতলা, ১৬ জানুয়ারি, ২০২৪

রাজ্যের ২৫ লক্ষ টাকা মূল্যের আগরড়ড়  
অয়েল সংযুক্ত আরব আমিরশাহীতে রপ্তানি

রাজ্যের আগরড়ড় পণ্যের ব্যবসা বানিজ্য এক নতুন দিগন্তের সূচনা হয়েছে। আজ ভারত থেকে এই প্রথম রাজ্যের ২৫ লক্ষ টাকা মূল্যের আগরড়ড় অয়েল বিদেশে রপ্তানি করা হয়েছে। রাজ্যের উত্তর ত্রিপুরা জেলার কদমতলার মামন এন্টারপ্রাইজ এই আগরড়ড় অয়েল রপ্তানি করেছে। এই সংস্থার কর্ণধার হচ্ছেন আনফর আলি। এই আগরড়ড় অয়েল আমদানি করেছে সংযুক্ত আরব আমিরশাহীর এম/এস ফেগরেন্স ফোর্স সেন্ট্রাল ট্রেডিং এলএলসি। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক থেকে এনওসি ও কাস্টমস ক্লিয়ারেন্স সহ সমস্ত প্রক্রিয়া সম্পূর্ণ করে আগরড়ড় অয়েল রপ্তানি করা হয়েছে।

উল্লেখ্য, রাজ্য বিশাল সংখ্যক আগর গাছ রয়েছে এবং প্রায় ১৫ হাজার পরিবার আগর চাষের উপর নির্ভরশীল। আগরের ব্যবসা বানিজ্যের প্রসারে ইতিমধ্যেই ত্রিপুরা সরকার আগরড়ড় পলিসি প্রণয়ন করেছে। রাজ্য সরকারের ধারাবাহিক প্রচেষ্টায় ভারত সরকার ২৫ হাজার কেজি আগরড়ড় চিপস ও ১৫০০ কেজি আগর উড় অয়েলের রপ্তানির কোটা ঘোষণা করেছে। এখন থেকে ধারাবাহিকভাবে রাজ্যের আগরড়ড় চিপস ও অয়েল বিদেশে রপ্তানির উদ্যোগ নেওয়া হবে। এই উদ্যোগ রাজ্যের আগরড়ড় উৎপাদক ও ব্যবসায়ীদের উৎসাহিত করবে।

\*\*\*\*\*